রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, জানুয়ারি ২৫, ২০১৭**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১২ মাঘ, ১৪২৩ মোতাবেক ২৫ জানুয়ারি, ২০১৭

নিম্নলিখিত বিলটি ১২ মাঘ, ১৪২৩ মোতাবেক ২৫ জানুয়ারি, ২০১৭ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ০১/২০১৭

## Code of Civil Procedure, 1908 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Code of Civil Procedure (Amendment) Act, 2017 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. V of 1908 এর section 89A এর সংশোধন।**—Code of Civil Procedure, 1908 (Act No. V of 1908) এর section 89A এর—

(ক) sub-section (1) এর "or refer the dispute or disputes in the suit" শব্দগুলির পর "to the concerned Legal Aid Officer appointed under the Legal Aid Act, 2000 (Act No. 6 of 2000), or" শব্দগুলি, কমাগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি সন্নিবেশিত হইবে;



মূল্য : টাকা ৪.০০

(খ) sub-section (3) এ উল্লিখিত "when the court" শব্দগুলির পর "or Legal Aid Officer" শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) sub-section (4) এ উল্লিখিত "or a mediator is appointed by the Court" শব্দগুলির পরিবর্তে "or the dispute or disputes are referred to Legal Aid Officer, or a mediator is appointed by the Court" শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে;

(ঘ) sub-section (5) এ দুইবার উল্লিখিত "mediator" শব্দের পরিবর্তে উভয় স্থানে "Legal Aid Officer or mediator, as the case may be," শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(ঙ) sub-section (8) এ উল্লিখিত "representatives" শব্দের পর ", Legal Aid Officer" কমা ও শব্দগুলি সন্নিবেশিত হইবে।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) ২০১৩ খ্রিস্টাব্দে আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন দ্বারা অধিকতর সংশোধিত হয়। আইনগত সহায়তা প্রদান (সংশোধন) আইন, ২০১৩ (২০১৩ সনের ৬২ নং আইন) এর ১৫ ধারা দ্বারা আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬ নং আইন) এ ২১ক নতুন একটি ধারা সংযোজন করা হয়। সংযোজিত ২১ক ধারায় প্রচলিত আইনের অধীন কোন আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক উহার স্থানীয় অধিক্ষেত্রের আওতাধীন এলাকায় কর্মরত লিগ্যাল এইড অফিসারের নিকট বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির জন্য কোন বিষয় প্রেরণ করা হইলে উহা নিষ্পত্তির ক্ষমতা সংশ্লিষ্ট লিগ্যাল এইড অফিসারের থাকিবে। সংযোজিত ২১ক ধারা কার্যকর করিতে হইলে Code of Civil Procedure, 1908 এর Section 89A এর sub-section (1), (3), (4), (5) ও (8) সংশোধন প্রয়োজন। Code of Civil Procedure, 1908 এর Section 89A এর sub-section (1), (3), (4), (5) ও (8) সংশোধন করিয়া লিগ্যাল এইড অফিসারের নিকট বিকল্প পদ্ধতিতে বিরোধ নিষ্পত্তির জন্য কোন বিরোধ বা বিরোধসমূহ প্রেরণ করিবার উদ্দেশ্যে আদালতকে ক্ষমতায়ন করা প্রয়োজন। সেহেতু এই বিষয়ে প্রয়োজনীয় সংযোজন উক্ত ধারায় আনয়ন করা হইলে বিচারপ্রার্থী পক্ষগণ মধ্যস্থতা বা সালিশের পদ্ধতিতে পারস্পরিক সমঝোতার ভিত্তিতে নিজেদের মধ্যে বিদ্যমান বিরোধ নিষ্পত্তি করিতে লিগ্যাল এইড অফিসারের সহযোগিতা পাইবেন।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**আ. ই. ম গোলাম কিবরিয়া**
সচিব (রুটিন দায়িত্বে)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd